

**ধীরেন্দ্র দেবনাথ শমভু**
বরগুনা-১

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১০৯, বরগুনা-১ ও ১১০, বরগুনা-২ আসনে পুনরায় সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় সংগ্রাম পরিবারের পক্ষ থেকে জানাই



**শওকত হাচানুর রহমান**
বরগুনা-২

**আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।**


# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

১৩ম বর্ষ ৫৫ সংখ্যা
ডিসেম্বর, ২০১৮


# পাথরঘাটায় আন্তর্জাতিক প্রবীণ দিবসে প্রবীণদের বহুমাত্রিক সহায়তা

"মানবাধিকার প্রতিষ্ঠায় প্রবীণদের স্মরণ পরম-শ্রদ্ধায়।" এই শ্লোগাণকে সামনে রেখে বরগুনার পাথরঘাটায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনাসভা অনুষ্ঠিত এবং বয়স্ক ভাতা ও বিভিন্ন অনুদান প্রদান করা হয়েছে।




প্রবীণদের সাথে পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন, সংগ্রামের নির্বাহী পরিচালক চৌধুরী মোহাম্মদ মাসুম

পিকেএসএফ-এর উদ্যোগে পাথরঘাটাস্থ সংগ্রাম কার্যালয় থেকে প্রবীণদের উপস্থিতিতে সুসজ্জিত রিক্সায় একটি বর্ণাঢ্য র‍্যালি বের করে। শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পাথরঘাটা ইউনিয়নের চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটে র‍্যালিটি শেষ করে। অত:পর সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংগ্রামের কার্যনির্বাহী পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ জিয়াউল করিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন পিকেএসএফ'র উপ-মহাব্যবস্থাপক দিলীপ কুমার চক্রবর্তী, বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ মিজানুর রহমান, পাথরঘাটা উপজেলার রায়হানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ মিজানুর রহমান রূপক, পাথরঘাটা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান, পাথরঘাটা ইউনিয়ন প্রবীণ কমিটির সাধারণ সম্পাদক বাবু শৈলেন্দ্র নাথ রায় ও ডৌয়াতলা ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ নেছার উদ্দিন। অনুষ্ঠানটিতে স্বাগত বক্তব্য রাখেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুম।

প্রবীণদের কল্যাণে সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের সহায়তায় প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এই প্রকল্পের মাধ্যমে বয়স্ক ভাতা প্রদান, চিকিৎসা প্রদান, বয়স্কদের বিভিন্ন সহায়ক উপকরণ প্রদানসহ বিভিন্ন কার্যক্রম চালিয়ে আসছে। এই অনুষ্ঠান শেষে প্রধান অতিথি এই প্রকল্পের আওতায় ২০০জন প্রবীণকে ৬০০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। ৪০ জন ব্যক্তির মাঝে লাঠি, ছাতা ও কমোড বিতরণ করেন। ২ জন অস্বচ্ছল প্রবীণকে ভরন-পোষন ও আবাসন ব্যবস্থা করার জন্য ৮০০০ টাকা প্রদান করেন। ১০জন শ্রেষ্ঠ পিতা-মাতা ও ৬জন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননা প্রদান করা হয়। ৪জন অসুস্থ প্রবীণ ব্যক্তিকে ৪টি হুইল চেয়ার বিতরণ করেন। ১০জন মৃতের সৎকারের জন্য ২০,০০০ টাকা প্রদান করেন। সমৃদ্ধি প্রকল্পের ৪জন ভিক্ষুক পুনর্বাসনে অনুদান বাবদ ৪,০০,০০০ টাকা হস্তান্তর করেন এবং ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের ১০ জন সদস্য'র মাঝে ১,০০,০০০ টাকা ঝুঁকি তহবিল প্রদান করেন।

# বরগুনায় লোকালাইজেশন বিষয়ক অ্যাডভোকেসি কর্মশালা




বক্তব্য রাখছেন বরগুনার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মো: মাহবুব আলম

বরগুনার স্থানীয় এনজিও সংগ্রামের আয়োজনে ও নাহাব (ন্যাশনাল অ্যালায়েন্স ফর হিউম্যানিটেরিয়ান অ্যাকটরস ইন বাংলাদেশ) এর সহযোগিতায় ১৩ ডিসেম্বর দিনব্যাপী লোকালাইজেশন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় পর্যায়ের ৩০টি এনজিও প্রতিনিধি এই কর্মশালায় অংশগ্রহণ করেছে। সংগ্রামের প্রশিক্ষণ ভেন্যুতে এই কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শুরুতে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগ্রামের পরিচালক (কর্মসূচি) মো: ইউসুফ। প্রধান অতিথি ছিলেন বরগুনার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: মাহবুব আলম, বিশেষ অতিথি ছিলেন বরগুনা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা স্বপন কুমার ব্রক্ষ। বক্তব্য রাখেন সনাক বরগুনার সাবেক সভাপতি আবদুর রব ফকির ও অন্বেষা সমাজ উন্নয়ন সোসাইটির নির্বাহী পরিচালক শামসুদ্দিন খাঁন, এলনা-কোডেকের প্রোগ্রাম অফিসার কিশোর কুমার দাস, ব্র্যাকের আবদুল্লাহ আল ফারুক, তারেক বিন আনসারী সুমন প্রমুখ।

# বরগুনায় বিশ্ব মানবিক দিবস পালিত

বিশ্ব ব্যাপি অমানবিক পরিস্থিতির ভয়াবহতা কাটিয়ে সুন্দর পৃথিবী গড়ার প্রত্যয় নিয়ে বরগুনায় বিশ্ব মানবিক দিবস পালিত হয়েছে। ১৯ আগস্ট র‍্যালি, আলোচনা সভা, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার মাধ্যমে এই দিবসের তাৎপর্য তুলে ধরে দিবসটি উদযাপিত হয়।

জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বরগুনার জেলা প্রশাসক মো. মোখলেছুর রহমান। দিবসটির তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন বামনা উপজেলা নির্বাহী অফিসার জেবুন্নাহার, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, বরগুনা প্রেসক্লাবের সভাপতি আনোয়ার হোসেন মনোয়ার, অন্বেষা এনজিও'র নির্বাহী পরিচালক মো. শামসুদ্দিন খাঁন, লোকবেতারের স্টেশন ম্যানেজার মনির হোসেন কামাল। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে ক্রেস্ট বিতরণ করা হয়।





সম্মাননা প্রদান করেছেন জেলা প্রশাসক জনাব মো. মোখলেছুর রহমান

১৯ আগষ্ট ২০০৩ইং তারিখে ইরাকের রাজধানী বাগদাদে জাতিসংঘের কার্যালয়ে এক ভয়াবহ বোমা হামলায় জাতিসংঘের বিশেষ দূত ও প্রাক্তন মানবাধিকার হাইকমিশনার সার্জিও ভিয়েরা ডি মেলো সহ ২২ জন মানবাধিকার কর্মী নিহত হন এবং এরপর থেকে সারা বিশ্বে প্রতি বছর ১৯ আগষ্ট বিশ্ব মানবিক দিবস পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।

# 'দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২' বিষয়ক প্রশিক্ষণ

স্থানীয় পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক কাজের সাথে সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধিদের নিয়ে দু'দিন ব্যাপি "দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ এবং দুর্যোগ ব্যবস্থাপনা আদেশাবলী ২০১০" বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। নাহাব (ন্যাশনাল অ্যালায়েন্স ফর হিউম্যানিটেরিয়ান অ্যাকটরস ইন বাংলাদেশ) এর সহযোগিতায় স্থানীয় এনজিও সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) এই প্রশিক্ষণ আয়োজন করেছে। ১০ ও ১১ ডিসেম্বর সংগ্রাম প্রশিক্ষণ কেন্দ্রে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগ্রামের নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুম। প্রধান অতিথি ছিলেন বরগুনা ত্রাণ ও পূণর্বাসন কর্মকর্তা স্বপন কুমার ব্রক্ষ। বক্তব্য রাখেন সনাক বরগুনার সাবেক সভাপতি আবদুর রব ফকির ও অন্বেষা সমাজ উন্নয়ন সোসাইটির নির্বাহী পরিচালক শামসুদ্দিন খাঁন।




বক্তব্য রাখছেন জনাব স্বপন কুমার ব্রক্ষ

প্রধান অতিথি বলেন, দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ এবং দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১০ সর্ম্পকে সকলের জানা অতি প্রয়োজন। জনগণ তাদের দায়িত্ব ও কর্তব্য সর্ম্পকে জানতে পারলে দুর্যোগে তাদের ক্ষয়ক্ষতির মাত্রা কমিয়ে আনতে পারবে।

# বরগুনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকতা পেশাকে সম্মানজনক অবস্থানে নেয়াসহ শিক্ষক প্রশিক্ষণ, নিয়োগ ও পদোন্নতি, দায়িত্ব ও অধিকার, চাকুরির নিরাপত্তা, শৃঙ্খলা বিধানের প্রক্রিয়া, পেশাগত স্বাধীনতা, কার্যক্রম পর্যবেক্ষণ ও মূল্যায়ন, শিক্ষা সংক্রান্ত নীতিনির্ধারণী প্রক্রিয়ায় অংশগ্রহণ, কার্যকর শিক্ষাদান ও শিখনের পরিবেশ এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের উপর গুরুত্ব দেয়ার




শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কলেজ) অধ্যক্ষ মো. জিয়াউল করিমকে সম্মাননা দেয়া হচ্ছে

প্রত্যয় নিয়ে ১০ অক্টোবর বরগুনায় 'বিশ্ব শিক্ষক দিবস' উপলক্ষে শোভাযাত্রা, আলোচনাসভা ও গুণী শিক্ষকদের সম্মাননা প্রদান করা হয়েছে। ইউনেসকো এবার দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করেছে 'শিক্ষার অধিকার নিশ্চিতে চাই যোগ্য শিক্ষক'।

এনজিওদের জোট গণ সাক্ষরতা অভিযানের সহযোগিতায় ও সংগ্রামের আয়োজনে বরগুনা পৌরসভা মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে প্রেসক্লাব চত্বর থেকে শুরু করে বরগুনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌরসভা ভবন পর্যন্ত শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে ২০১৮ সনে বরিশাল বিভাগে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কলেজ) অধ্যক্ষ মো. জিয়াউল করিম, মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক মোঃ শামসুল হক, ২০১৫ সনে জাতীয়ভাবে শ্রেষ্ঠ শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমানকে সম্মাননা প্রদান করা হয়।


সংগ্রামের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক জনাব চৌধূরী মোহাম্মদ মাসুম'র সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বরগুনা জেলা শিক্ষা কর্মকর্তা জনাব খন্দকার মোঃ আলাউদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জনাব এম এম মিজানুর রহমান, সহকারি জেলা শিক্ষা অফিসার জনাব মোঃ শাহাদাৎ হোসেন, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি জনাব মোঃ আবদুল মোতালেব মৃধা, বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি জাকির হোসেন মিরাজ, বরগুনা শিক্ষা নেটওয়ার্কের সহ-সভাপতি শামস্ উদ্দীন খাঁন ও সনাকের সভাপতি আলহাজ্ব আবদুর রব ফকির। বক্তব্য রেখেছেন সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজের অধ্যক্ষ মো. জিয়াউল করিম, চৌধূরী মাসুম টিবিএম কলেজের অধ্যক্ষ মো. ফারুক হোসেন, উপজেলা একাডেমিক অফিসার এসএম সোহেল, পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ইদ্রিসুল আলম, বরগুনা আদর্শ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইশরাত জাহান প্রমুখ।

# মৌলিক প্রশিক্ষণ

সংগ্রামের ঋণ কার্যক্রমের কর্মীদের অধিকতর দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ)-এর সহায়তায় সংগ্রাম প্রশিক্ষণ কেন্দ্রে সংগ্রামের ব্যবস্থাপনায় গত ১১-১২ ডিসেম্বর ঋণ কর্মসূচি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এতে সংগ্রামের মাঠ পর্যায়ের নতুন নিয়োগকৃত ২৫জন ফিল্ড অফিসার অংশগ্রহণ করে।

দুদিন ব্যাপী এই প্রশিক্ষণ সংগ্রামের উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন উদ্বোধন করেন। এসময় সংগ্রামের পরিচালক (ঋণ) মো. হুমায়ুন কবীর, পরিচালক (অর্থ) রেশমাতুজ্জামান, আইটি অফিসার মো. লিমন মিয়া উপস্থিত থেকে বক্তব্য রাখেন।

এই প্রশিক্ষণের মাধ্যমে সংগ্রামের ঋণ কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয় এবং বর্তমান ঋণ কার্যক্রমের চ্যালেঞ্জ মোকাবেলা করার কৌশল সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এই কোর্সের কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন সংগ্রামের পরিচালক (প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার। প্রশিক্ষণ প্রদান করেন সংগ্রামের প্রশিক্ষকবৃন্দ। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।



বক্তব্য রাখছেন সংগ্রামের উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন

# শিশু সুরক্ষা বিষয়ক ওরিয়েন্টেশন

'আমিই পারি শিশুর প্রতি শারীরিক সহিংসতা বন্ধ করতে'-এই শ্লোগানে কলাপাড়ায় ২৩জন প্রতিবন্ধী ব্যক্তি নিয়ে দিন ব্যাপি শিশু সুরক্ষা বিষয়ক ওরিয়েন্টেশন ২৬ ডিসেম্বর সংগ্রাম কলাপাড়া কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সিডিডি'র সহযোগিতায় পিএইচআরপিবিডি প্রকল্প এই ওরিয়েন্টেশন আয়োজন করেছে। সংগ্রাম এই প্রকল্পটি বাস্তবায়ন করছে।

ওরিয়েন্টেশন উদ্বোধন করেন সংগ্রামের উপ-পরিচালক মিজানুর রহমান মানিক। এ সময় তিনি বলেন, আজকের শিশুরা আগামী দিনে দেশে নেতৃত্ব দেবে। তাই তাদের যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলার সময় এখনি। শিশুদের বয়সের কারণে ভালোমন্দ বোঝার ক্ষমতা কম থাকে। তাই তাদেরকে সুযোগ বুঝে অনেকেই খারাপ পথে পরিচালিত করতে পারে। বিশেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের সন্তানরা নানা সীমাবদ্ধতা অতিক্রম করে বিধায় যথেষ্ট ঝুঁকির মধ্যে থাকে। এজন্য তাদের অভিভাবকদের সচেতন করতে সংগ্রাম এ কর্মশালার আয়োজন করেছে। এতে সভাপতিত্ব করেন অ্যাপেক্সবডির সভাপতি সুমন দেউরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংগ্রামের এরিয়া ম্যানেজার ফয়সাল আহম্মদ ও ব্যবস্থাপক মো. ফারুক সিকদার।

কর্মশালায় শিশু সুরক্ষা বিষয়ক ওরিয়েন্টেশন প্রদান করেন উপ-পরিচালক মিজানুর রহমান মানিক, কনটাক্ট পারসন মো. মাসউদ সিকদার ও সিডিআরপি মো. শহিদুল ইসলাম।




বক্তব্য রাখছেন সংগ্রামের উপ-পরিচালক মিজানুর রহমান মানিক

## অনুদান প্রদান

পিকেএসএফ- এর সসহেযোগিতায় সংগ্রামের বাস্তবায়নে ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের আওতায় বামনা উপজেলার আরইআরএমপি-২ সদস্য ছালমা ও নাজমা আকতারকে দশ হাজার করে দুজনকে বিশ হাজার টাকা মাচা পদ্ধতিতে ছাগল পালনের জন্য



সহায়তা প্রদান করছেন এফএনবি'র সভাপতি মো. শামস উদ্দিন খাঁন

অনুদান প্রদান করা হয়। বামনা উপজেলা ইঞ্জিনিয়ার জনাব আলহাজ্ব মো: বজলুর রশিদ এই টাকা সদস্যদের হাতে তুলে দেন। গত ২৫ নভেম্বর এই অনুদান প্রদান করা হয়। এসময় বামনা উপজেলা দপ্তরের অন্যান্য অফিসার, সংগ্রামের ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের প্রকল্প সমন্বয়কারি, সংগ্রামের বামনা শাখার ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রোগ্রাম অফিসার (টেকনিক্যাল) উপস্থিত ছিলেন। আরইআরএমপি-২ সদস্য ছালমা ও নাজমা আকতার বামনা উপজেলার এলজিইডি কর্তৃক বাস্তবায়িত Rural Employment and Road Maintenance Programme-2 (RERMP-2) এল সদস্য ছিলেন। এরা সংগ্রাম থেকে আয় ও ব্যবসায়িক সমতা বৃদ্ধির জন্য কৃষি ও প্রাণিসম্পদ ভিত্তিক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ পেয়েছে।

### সংগ্রামের ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের মাধ্যমে

## ১৪ পরিবারকে আর্থিক সহায়তা প্রদান

ইউপিপি-উজ্জীবিত প্রকল্পভুক্ত অতিদরিদ্র পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের আকস্মিক মৃত্যু, মারাত্মক দুর্ঘটনায় অংগহানি ও দুরারোগ্য ব্যাধির কারণে ক্ষতিগ্রস্থ অতিদরিদ্র ১৪ পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করেছে সংগ্রাম। প্রত্যেক সদস্যকে দশ হাজার টাকা করে মোট এক লক্ষ চল্লিশ হাজার টাকা প্রদান করা হয়েছে। গত ২২ ডিসেম্বর এই অনুদান প্রদান করা হয়েছে। সদস্য নিজে বা পরিবার প্রধানের অভাবে বা আয়ের উৎস বন্ধ হওয়ায় উক্ত পরিবারের সঞ্চয় ও সম্পদ নিঃশেষ হওয়া রোধ করার পাশাপাশি পরিবারের অন্যান্য সদস্যবৃন্দকে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণে উৎসাহ প্রদান করার উদ্দেশ্যে এই সহায়তা দেয়া হয়। ইউরোপিয়ান ইউরিপিয়নের অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় (ইউপিপি) উজ্জীবিত প্রকল্পের আওতায় ঝুঁকি তহবিল হতে উক্ত সদস্যদের টাকা প্রদান করেন সংগ্রামের নির্বাহী পরিচালক চৌধুরী মোহাম্মদ মাসুম। এ সময় উপস্থিত ছিলেন এফএনবি বরগুনা'র সভাপতি ও অন্বেষা সমাজ উন্নয়ন সোসাইটি'র নির্বাহী পরিচালক মো. শামস উদ্দিন খাঁন, সংগ্রামের পরিচালক (ঋণ) মো. হুমায়ুন কবীর, পরিচাল (অর্থ) রেশমাতুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা চৌধুরী মোহাম্মদ মঈন, উপ-পরিচালক (অর্থ) কেএম হাসান, প্রোগ্রাম অফিসার সোস্যাল মো. মিজানুর রহমান প্রমুখ।



ইঞ্জিনিয়ার আলহাজ্ব মো: বজলুর রশিদ অনুদান প্রদান করছেন

# দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ওরিয়েন্টেশন

প্রতিবন্ধীব্যক্তিরা স্বাভাবিক সময়েই অন্যদের তুলনায় পিছিয়ে থাকে। দুর্যোগে তারা হয়ে পড়ে আরও অসহায়। বন্যা বা ঝড়-জলোচ্ছ্বাসে সবাই যখন নিজেকে নিয়ে ব্যস্ত, তখন প্রতিবন্ধীব্যাক্তিদের জন্য বাড়তি মনোযোগ অনেক ক্ষেত্রেই সহজ হয় না। ত্রাণ ও পুনর্বাসন তৎপরতাও আওতার বাইরে থেকে যায় অনেক সময়। এমনকি দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত




অবকাঠামোগুলো প্রতিবন্ধীবান্ধব নয়। তাই মানুষ সৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগকালে প্রতিবন্ধীদের জীবন রক্ষার জন্য তাদের চ্যালেঞ্জ ও সমস্যাগুলো অন্তর্ভুক্ত করে দুর্যোগ ঝুঁকি হ্রাস অনেকটা নিজের উদ্যোগেই করার উপর জোর দিয়ে সংগ্রাম কলাপাড়ায় ২০জন প্রতিবন্ধীব্যক্তি নিয়ে দিন ব্যাপি দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ওরিয়েন্টেশন সম্পন্ন করেছে। ১৮ ডিসেম্বর আয়োজিত এই ওরিয়েন্টেশন সংগ্রাম কলাপাড়া কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সংগ্রামের আয়োজনে, সিডিডি'র সহযোগিতায়, পিএইচআরপিবিডি প্রকল্প এই ওরিয়েন্টেশনের আয়োজন করেছে।

কলাপাড়া শাখার ব্যবস্থাপক মো. ফারুক সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রধান অতিথি ছিলেন সংগ্রামের পরিচালক (প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংগ্রামের এরিয়া ম্যানেজার ফয়সাল আহম্মদ ও অ্যাপেক্সবডির সভাপতি সুমন দেউরী।

কর্মশালায় শিশু সুরক্ষা বিষয়ক ওরিয়েন্টেশন প্রদান করেন পিএইচআরপিবিডি প্রকল্পের সিডিআরপি মো. শহিদুল ইসলাম, সিএম মোসাম্মাৎ সাওদা, অ্যাপেক্সবডির মো. ইব্রাহিম কামাল ও মো. রেজাউল।

# ১ হাজার ৬৭৭ জনের রক্তের গ্রুপ নির্ণয়

'একের রক্ত অন্যের জীবন, রক্ত হোক আত্মার বাঁধন' এ আহ্বান জানিয়ে সংগ্রামের উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে ৮টি 'ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্প'-এর মাধ্যমে ১ হাজার ৬৭৭ জন কিশোরী, নববিবাহিতা মহিলা ও গর্ভবতী মহিলাদের রক্তের গ্রুপ নির্ণয় করা হয়েছে। রক্ত নির্ণয়ের আগে অরিয়েন্টেশন প্রদানের মাধ্যমে রক্তের গ্রুপ জানার প্রয়োজনীয়তা সম্পর্কে উদ্যোগী করা হয়েছে। রক্তের গ্রুপ নির্ণয় করার পর প্রত্যেককে নিজের রক্তের গ্রুপ সম্পর্কে অবহিত করা হয়েছে এবং "রক্তের গ্রুপ নির্দেশক কার্ড" প্রদান নিশ্চিত করা ও তা সংরক্ষণের জন্য পরামর্শ দেওয়া হয়েছে। প্রত্যন্ত অঞ্চলগুলোতে যেখানে চলাচল একেবারেই সহজসাধ্য নয় সেখানে রোগিদের টানা-হেচড়া করে দূরের হাসপাতাল পর্যন্ত পৌঁছানো যথেষ্ট দুরুহ। এ পরিস্থিতিতে স্থানীয়ভাবে রক্ত আদান প্রদানের ব্যবস্থা নিতে পারলে পিড়া আক্রান্ত রোগি সহজে বেঁচে যেতে পারে। এই উদ্দেশ্যকে সফল করার জন্য পিকেএসএফ-এর সহযোগিতায় সংগ্রাম ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের মাধ্যমে এই উদ্যোগ গ্রহণ করে।



আন্তর্জাতিক প্রতিবন্ধিতা দিবস পালন

# র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ




'সাম্য ও অভিন্ন যাত্রায় প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন।' এই শ্লোগান নিয়ে ৩ ডিসেম্বর রোববার ২৭তম আন্তর্জাতিক এবং ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস পটুয়াখালী জেলা প্রশাসনের মাধ্যমে পালিত হয়েছে। কলাপাড়ায় সংগ্রাম বাস্তবায়িত পিএইচআরপিবিডি প্রকল্পের প্রতিবন্ধী ব্যক্তিবর্গ এই দিবসের র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেছে।

সিডিডি'র সহযোগিতায়, সংগ্রাম বাস্তবায়িত প্রমোশন অব হিউমান রাইটস অব পারসন উইথ ডিজএ্যাবিলিটিস ইন বাংলাদেশ (পিএইচআরপিবিডি) প্রকল্পের আওতায় ৩ ডিসেম্বর আন্তর্জাতিক প্রতিবন্ধিতা দিবস উপলক্ষে কলাপাড়া উপজেলা থেকে উক্ত প্রকল্পের অ্যাপেক্সবডি ও স্বসংগঠন থেকে ৪১জন পুরুষ ও ৬৩জন নারী প্রতিবন্ধীব্যক্তি অংশ নেয়। এসকল প্রতিবন্ধী ব্যক্তি জেলা প্রশাসনের সাথে শোভাযাত্রায় ডিসি অফিস থেকে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার ডিসি অফিস পাদদেশে ফিরে এসে ডিসি স্কোয়ারে আলোচনা সভায় অংশ নেয়। প্রতিবন্ধী ব্যক্তিদের দাবীর প্রেক্ষিতে পটুয়াখালী জেলা প্রশাসক ইউনিয়ন স্ট্যান্ডিং কমিটিতে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভূক্তিতে ইতিবাচক মত ব্যক্ত করেন এবং ভোটদানের সময় প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার প্রদানের প্রতিশ্রুতি জ্ঞাপন করেন।

প্রধান পৃষ্ঠপোষক ঃ চৌধূরী মোহাম্মদ মাসুম, নির্বাহী সম্পাদক ঃ চৌধূরী মোহাম্মদ মুনীর, সম্পাদক ঃ মোঃ মাসউদ সিকদার, সহসম্পাদক ঃ চৌধূরী মোহাম্মাদ মঈন
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০৪৪৮ ৬২৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, Website: www.sangram.ngo